দৈনিক ইনকিলাব

তারিখ APR. 7. 1999

পৃষ্ঠা ৩ কলাম ১

67




*ইনকিলাব ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য, বিভাগের ছাত্রছাত্রীরা চ্যান্সেলরের পাঁচটি সিদ্ধান্ত বাস্তবায়নের দাবীতে গতকাল (মঙ্গলবার) থেকে আমরণ অনশন শুরু করেছে*

৫টি সিদ্ধান্ত বাস্তবায়নের দাবী

# বুয়েটে স্থাপত্য বিভাগের ৩৫ জন ছাত্র-ছাত্রীর আমরণ অনশন শুরু

বুয়েট রিপোর্টার ঃ গতকাল (মঙ্গলবার) থেকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের ছাত্র-ছাত্রীরা চ্যান্সেলরের পাঁচটি সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের দাবীতে আমরণ অনশন কর্মসূচী শুরু করেছে। স্থাপত্য বিভাগে স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষাকে কেন্দ্র করে তারা এই কর্মসূচী হাতে নিয়েছে। আগামী ১০ মার্চ ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকাল দুপুর ৩টায় স্থাপত্য বিভাগের বারান্দায় ৩৫ জন ছাত্র-ছাত্রী অনশন শুরু করে। সন্ধ্যা নাগাদ আরো ছাত্র-ছাত্রী এসে তাদের সাথে যোগ দেয়। গত সোমবার এক সংবাদ সম্মেলনে তারা অনশন কর্মসূচী ঘোষণা করে।

উল্লেখ্য, গতবছর থেকে স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষায় পদার্থবিদ্যা বিষয় অন্তর্ভুক্তিসহ দুই অনুষদের জন্য একটি ভর্তি কমিটি গঠন করা হয়। স্থাপত্য বিভাগের কতিপয় শিক্ষকসহ ছাত্র-ছাত্রীরা এর প্রতিবাদ করে। উদ্ভূত পরিস্থিতিতে পরবর্তী ভর্তি পরীক্ষার জন্য নতুন কমিটি গঠনসহ স্থাপত্য বিভাগকে আলাদা ইনস্টিটিউট ঘোষণার ব্যাপারে চ্যান্সেলর প্রধানমন্ত্রী পাঁচটি সিদ্ধান্ত গ্রহণ করেন। এবছর আগামী শনিবার নতুন শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার প্রাক্কালে উক্ত বিভাগের ছাত্র-ছাত্রীরা চ্যান্সেলরের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দাবীতে গত রবিবার থেকে ক্লাস বর্জন শুরু করে। গতকাল অনশন চলাকালে স্থাপত্য বিভাগের শিক্ষক ও বাইরের স্থপতিরা ক্যাম্পাসে আসেন। তারা অনশন না করার জন্য ছাত্র-ছাত্রীদের অনুরোধ করেন। তবে অনশনকারীরা দাবী আদায়ে অনশন চালিয়ে যাওয়ার সংকল্প ব্যক্ত করেছে।